

শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সাময়িক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : শিল্প ও সংস্কৃতি | সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক  
শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন  
মূল্যায়ন

একীভূত



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৭ম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে  
শিক্ষকদের জন্য নির্দেশনা

বিষয় : শিল্প ও সংস্কৃতি

শিক্ষাবর্ষ : ২০২৩

**ভূমিকা:** জুন মাসের প্রথম সপ্তাহে অন্যান্য বিষয়ের সাথে শিল্প ও সংস্কৃতি বিষয়ের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। ক্লাসরুটিন অনুযায়ী শিল্প ও সংস্কৃতি বিষয়ের প্রস্তুতির জন্য ২টি সেশন পাওয়া যাবে এবং সেই সময়ের মধ্যে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য প্রস্তুতি সম্পন্ন করবে। কেন্দ্রীয় রুটিন অনুযায়ী শিল্প ও সংস্কৃতি বিষয়ে ১দিনে সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করতে হবে।

### ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য নির্ধারিত শিখন অভিজ্ঞতাঃ

নং	অভিজ্ঞতা	পাঠ্যবই পৃষ্ঠা নং
১	বিশ্বজোড়া পাঠশালা	১-১০
২	নকশা খুঁজি নকশা বুঝি	১১-১৮

**সময়:** প্রস্তুতি: ২ সেশন এবং  
মূল্যায়ন: ১ দিন

### ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের কাজ-

**সারসংক্ষেপ:** শিক্ষার্থীদেরকে শিখন অভিজ্ঞতার সাথে মিল করে কাজ দেওয়া হবে যেখান থেকে তারা যেকোনো একটি বেছে নিবে এবং প্রস্তুতি নিবে সেটি চূড়ান্ত মূল্যায়নের দিনে উপস্থাপনের জন্য। প্রস্তুতির জন্য তারা ২টি সেশন ও এর মধ্যবর্তী সময় পাবে। চূড়ান্ত মূল্যায়নের দিন শিক্ষকের সামনে উপস্থাপন করবে।

### প্রস্তুতিমূলক সেশন -১

- **শ্রেণিকক্ষে আলোচনা:** সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- নির্দেশনার অংশ হিসেবে শিক্ষার্থীরা নিজেরা যা করেছে জোড়ায় আলোচনা করতে বলবেন। নিজেদের সব কাজের তালিকা করতে বলবেন। প্রত্যেকের বন্ধুখাতায় যেন যার যার কাজের তালিকা থাকে সেটি নিশ্চিত করবেন।
  - শিল্পকলার বিভিন্ন শাখার (শ্রেণিবিভাগ,উপাদান ও নিয়মকানুন) শিখন অভিজ্ঞতাগুলো থেকে যতটুকু শিখেছে তা লিখতে বলবেন
  - বিভিন্ন কাজ থেকে যে শিল্প সামগ্রী/কাজ তারা তৈরি করেছে সেটি চিহ্নিত করতে বলবেন এবং এটি কোন ধরনের শিল্পকর্মে পড়ে (দৃশ্যকলা না উপস্থাপন কলা) তা নির্ণয় করতে বলবেন
- এসব তালিকা বন্ধুখাতায় লিখে রাখতে বলবেন এবং তা নিশ্চিত করবেন।

### প্রস্তুতিমূলক সেশন -২

- শিক্ষক এবারে সকলের জন্য নিচের কাজগুলো বোর্ডে লিখে দিবেন এবং বলবেন প্রতি শিক্ষার্থী যেন এখান থেকে একটি কাজ বেছে নেয় প্রস্তুতি নিয়ে উপস্থাপনের জন্য -
  - প্রাকৃতিক বর্ণচক্র তৈরি করা অথবা পাঠ্যবইতে দেওয়া রঙের গানটি গাওয়া
  - রেখা ব্যবহার করে ঐকে/কাগজ কেটে বিভিন্ন রকমের পুনঃরাবৃত্তিক নকশা বানানো

- শিক্ষার্থীদের বলবেন বিষয়বস্তু বাছাই করে প্রস্তুতি নিবে এবং চূড়ান্ত মূল্যায়নের দিন শ্রেণিকক্ষে তারা এটি উপস্থাপন করবে।
- নিচের তথ্য ছকটি সরবরাহ করুন। মূল্যায়নের দিন উপস্থাপনের জন্য শিক্ষার্থী কোন কাজটি নিবে উল্লেখ করতে বলুন।

শিক্ষার্থীর নাম	দৃশ্যকলা		পরিবেশনকলা		গান/কবিতার নাম
	আঁকা	গড়া	গান	আবৃত্তি	
মোহনা চৌধুরী	✓				প্রাকৃতিক বর্ণচক্র তৈরি করা
মৌমিতা গুহ			✓		পাঠ্যবইতে দেওয়া রঙের গানটি গাওয়া
সাদিয়া ইসলাম		✓			রেখা ব্যবহার করে ঐকে/কাগজ কেটে বিভিন্ন রকমের পুনঃরাবৃত্তিক নকশা বানানো

- ছকের তথ্যের ভিত্তিতে দৃশ্যকলা ও পরিবেশনকলার কোন শাখায় কত জন অংশগ্রহণ করছে তা হিসাব করে রাখুন। মূল্যায়নের দিন সময় ব্যবস্থাপনার জন্য এই হিসাবটি কাজে লাগান।
- দৃশ্যকলা ও পরিবেশনকলার জন্য আগেই শ্রেণিকক্ষ প্রস্তুত করে রাখুন।
- মাদ্রাসার শিক্ষকগণ মাদ্রাসার শিক্ষার সাথে সংগতি রেখে একই কাজ করতে দিবেন।
- আঁকার/কোলাজের জন্য কার্টিজ পেপার ও আঠা বিদ্যালয় থেকে সরবরাহ করতে হবে।
- শিক্ষার্থীদের বলবেন তারা যা কোন কিছু বানানোর জন্য অথবা গানে বা কবিতায় যা ব্যবহার করবে সেসব উপকরণগুলো যেন প্রাকৃতিক উপকরণ হয়।
- চূড়ান্ত মূল্যায়নের কাজের সময় সর্বমোট ৩ ঘণ্টা। আঁকা বা গড়ার জন্য শিক্ষার্থী ৩ ঘণ্টা পাবে আর গান/আবৃত্তি উপস্থাপনের জন্য প্রতি শিক্ষার্থীকে ৩-৫ মিনিট সময় দিবেন।
- আঁকা/গড়া শুরু করে দিয়েই একই কক্ষে শিক্ষক গান/নাচ/আবৃত্তির জন্য এক এক করে শিক্ষার্থীদের ডেকে নিয়ে পরিবেশনা দেখুন ও মূল্যায়ন করুন। তবে খেয়াল রাখবেন এতে করে যাতে যারা আঁকবে বা কিছু বানাতে তাদের কাজে যেন ব্যাঘাত না ঘটে।
- দৃশ্যকলার কাজ নির্ধারিত সময় শেষে শিক্ষার্থীরা জমা দিয়ে যাবে।
- মূল্যায়নের দিন সব শিক্ষার্থীকে বন্ধুখাতাও সংগে করে আনতে বলবেন।
- উপস্থাপন চলাকালীন প্রদত্ত মূল্যায়ন ছক অনুযায়ী PI ও পারদর্শিতা দেখে মাত্রা নিরূপন করুন। উপাত্ত সংরক্ষণ ছকে টিক দিয়ে রাখুন। বন্ধুখাতা দেখেও তা মূল্যায়ন করে PI ও পারদর্শিতার মাত্রা নিরূপন করুন।
- ট্রান্সক্রিপট তৈরি করতে পরিশিষ্ট ৩ অনুসরণ করুন।

এই কাজের মাধ্যমে যেসব যোগ্যতা ও পারদর্শিতার সূচকের মাত্রা নিরূপণ করা যাবে তা হলো:

প্রাসঙ্গিক যোগ্যতা	পারদর্শিতার সূচক
৭.১ পর্যবেক্ষণ ও ঘটনাপ্রবাহের বিশ্লেষণ, বিন্যাস ও ভিন্নতাকে অনুধাবন করে নিজের ভাব, অনুভূতি ও কল্পনা শিল্পকলার যেকোন একটি শাখায় (শ্রেণিবিভাগ, উপাদান ও নিয়মকানুন অনুসরণ করে) সংবেদনশীল ও সৃজনশীলভাবে প্রকাশ/প্রদর্শন করতে পারা।	৭.১.১ ঘটনাপ্রবাহের বিশ্লেষণ, বিন্যাস ও ভিন্নতাকে অনুধাবন করতে পারছে।
	৭.১.২ অভিজ্ঞতা থেকে প্রাপ্ত বিষয়বস্তু বুঝে তার সাথে অনুভূতি ও কল্পনাকে মিশিয়ে প্রকাশ করতে পারছে।
৭.৫ দৈনন্দিন কার্যক্রমে নান্দনিকতা ও সংবেদনশীলতার চর্চা করতে পারা ও অন্যকে উদ্বুদ্ধ করতে পারা।	৭.৫.১ বিদ্যালয়ের ভেতরে ও বাইরের কার্যক্রমে নান্দনিকতার চর্চা অব্যাহত রাখছে এবং সহপাঠীকেও তা করতে সহযোগিতা করছে

ষাণ্মাসিক মূল্যায়ন ছক				
কাজ: ষাণ্মাসিক মূল্যায়ন	শ্রেণি : ৭ম			বিষয় : শিল্প ও সংস্কৃতি
পারদর্শিতার সূচক (PI)	পারদর্শিতার সূচকের মাত্রা			যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন
	■	○	△	
৭.১.১ ঘটনাপ্রবাহের বিশ্লেষণ, বিন্যাস ও ভিন্নতাকে অনুধাবন করতে পারছে।	নির্ধারিত অভিজ্ঞতায় অংশগ্রহণ করে ঘটনাপ্রবাহের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা চিহ্নিত করতে পারছে।	নির্ধারিত অভিজ্ঞতায় অংশগ্রহণ করে ঘটনাপ্রবাহের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা বুঝে বিশ্লেষণ করতে পারছে।	নির্ধারিত অভিজ্ঞতায় অংশগ্রহণ করে ঘটনাপ্রবাহের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা বুঝে, বিশ্লেষণ করে তা শিখন কাজে ব্যবহার করছে।	<ul style="list-style-type: none"> <li>শিক্ষার্থীর উপস্থাপনা</li> <li>বন্ধুখাতা তৈরি</li> </ul>
যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে				
	প্রদত্ত কাজের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা চিহ্নিত করতে পারছে কিন্তু তা তার উপস্থাপনায় স্পষ্ট নয়।	প্রদত্ত কাজের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা বুঝে বিশ্লেষণ করতে পারছে এবং তা তার উপস্থাপনায় খুব সাধারণভাবে উঠে এসেছে	প্রদত্ত কাজের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা বুঝে, বিশ্লেষণ করে তা তার উপস্থাপনায় সাবলীলভাবে উঠে এসেছে	
৭.১.২ অভিজ্ঞতা থেকে প্রাপ্ত বিষয়বস্তু বুঝে তার সাথে অনুভূতি ও কল্পনাকে মিশিয়ে প্রকাশ করতে পারছে।	শিখন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত ধারণা প্রকাশ করেছে।	শিখন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত ধারণা নিয়মকানুন অনুসরণ করে প্রকাশ করেছে।	শিখন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত ধারণা ও অনুভূতিকে কল্পনা মিশিয়ে প্রকাশ করতে পেরেছে।	
যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে				
	শ্রেণিকাজের সময় যা চর্চা করেছে তা সাধারণভাবে প্রকাশ করেছে।	নিয়মকানুন অনুসরণ করে ঐকে/গড়ে/গান গেয়ে/ অজ্ঞাভঞ্জির মাধ্যমে প্রকাশ করেছে।	<ul style="list-style-type: none"> <li>নিয়মকানুন অনুসরণ করে ঐকে/গড়ে/গান গেয়ে/ অজ্ঞাভঞ্জির মাধ্যমে প্রকাশ করেছে।</li> <li>উপস্থাপনে ভিন্নতা লক্ষ্যনীয়।</li> </ul>	
৭.৫.১ বিদ্যালয়ের ভেতরে ও বাইরের কার্যক্রমে নান্দনিকতার চর্চা অব্যাহত রাখছে এবং সহপাঠীকেও তা করতে সহযোগিতা করছে	শ্রেণিতে নান্দনিকতার চর্চা অব্যাহত রেখেছে	শ্রেণিতে ও বাড়িতে নান্দনিকতার চর্চা অব্যাহত রেখেছে	শ্রেণিতে ও বাড়িতে নান্দনিকতার চর্চা করছে এবং সহপাঠীকেও সহযোগিতা করছে	
যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে				
	<ul style="list-style-type: none"> <li>বন্ধুখাতা ও পাঠ্যবইয়ের কাজ পরিচ্ছন্নভাবে করছে</li> <li>শিল্প সামগ্রী পরিচ্ছন্নভাবে রাখতে পারছে</li> <li>পোশাক পরিচ্ছন্দে পরিপাটি ভাব নিয়মিতভাবে দৃশ্যমান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>শিল্প ও সংস্কৃতি বিষয়ের অধিকাংশ কাজে নান্দনিকতার ছাপ বিদ্যমান</li> </ul>	শ্রেণিতে নান্দনিকতার চর্চা করছে এবং সহপাঠীকেও সহযোগিতা করছে যেন তার- <ul style="list-style-type: none"> <li>শিল্প সামগ্রী পরিচ্ছন্নভাবে রাখতে পারে</li> <li>শিল্প ও সংস্কৃতি বিষয়ের অধিকাংশ কাজে নান্দনিকতার প্রয়োগ করতে পারে।</li> </ul>	



## শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৩ এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ **শিল্প ও সংস্কৃতি** বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

## পরিশিষ্ট ১

### আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ২ এর ছক ব্যবহার করে আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

আচরণিক সূচক	শিক্ষার্থীর অর্জনের মাত্রা		
	□	○	△
১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে	দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে
২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে	দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে	নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে	নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে
৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে	নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না	পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না	নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে
৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে
৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে	সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে
৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে
৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে	এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না	দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে	নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে



<p>৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে</p>
<p>৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে</p>	<p>প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে</p>
<p>১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে</p>

পরিশিষ্ট ২

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন		
প্রতিষ্ঠানের নাম :		তারিখ:
শ্রেণি : ৭ম	বিষয় : শিল্প ও সংস্কৃতি	শিক্ষকের নাম ও স্বাক্ষর :

		প্রযোজ্য BI নং									
রোল নং	নাম										
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△



## পরিশিষ্ট ৩

### ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট

প্রতিষ্ঠানের নাম			
শিক্ষার্থীর নাম :			
শিক্ষার্থীর আইডি :	শ্রেণি : ৭ম	বিষয় : শিল্প ও সংস্কৃতি	শিক্ষকের নাম :

পারদর্শিতার সূচকের মাত্রা			
পারদর্শিতার সূচক	শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা		
	□	○	△
৭.১.১ ঘটনাপ্রবাহের বিশ্লেষণ, বিন্যাস ও ভিন্নতাকে অনুধাবন করতে পারছে।	নির্ধারিত অভিজ্ঞতায় অংশগ্রহন করে ঘটনাপ্রবাহের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা চিহ্নিত করতে পারছে।	নির্ধারিত অভিজ্ঞতায় অংশগ্রহন করে ঘটনাপ্রবাহের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা বুঝে বিশ্লেষণ করতে পারছে।	নির্ধারিত অভিজ্ঞতায় অংশগ্রহন করে ঘটনাপ্রবাহের বিষয়বস্তুর বিন্যাস ও ভিন্নতা বুঝে, বিশ্লেষণ করে তা শিখন কাজে ব্যবহার করছে।
৭.১.২ অভিজ্ঞতা থেকে প্রাপ্ত বিষয়বস্তু বুঝে তার সাথে অনুভূতি ও কল্পনাকে মিশিয়ে প্রকাশ করতে পারছে।	শিখন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত ধারণা প্রকাশ করেছে।	শিখন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত ধারণা নিয়মকানুন অনুসরণ করে প্রকাশ করেছে।	শিখন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত ধারণা ও অনুভূতিকে কল্পনা মিশিয়ে প্রকাশ করতে পেরেছে।
৭.৫.১ বিদ্যালয়ের ভেতরে ও বাইরের কার্যক্রমে নান্দনিকতার চর্চা অব্যাহত রাখছে এবং সহপাঠীকেও তা করতে সহযোগিতা করছে	শ্রেণিতে নান্দনিকতার চর্চা অব্যাহত রেখেছে	শ্রেণিতে ও বাড়িতে নান্দনিকতার চর্চা অব্যাহত রেখেছে	শ্রেণিতে ও বাড়িতে নান্দনিকতার চর্চা করছে এবং সহপাঠীকেও সহযোগিতা করছে



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ